

দৈনিক  
**ইত্তেফাক**

প্রতিদিন তাজাভাল হোসেন মানিক মিয়া

পাসের হার, জিপিএ-৫ এবারও কমেছে

এইচএসসিতে গড় পাস ৬৬.৬৪ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ২৯ হাজার ২৬২ জন

নিজামুল হক



২০ জুলাই, ২০১৮ ইং ০০:০০ মি:



মূল্যায়ন পদ্ধতির পরিবর্তনের প্রভাব পড়েছে পরীক্ষার ফলে। আর এ কারণে গত বছরের মতো এবারও এইচএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ কমেছে। ১০ শিক্ষাবোর্ডে এবার গড়ে পাস করেছে ৬৬ দশমিক ৬৪ শতাংশ শিক্ষার্থী। আর জিপিএ-৫ পেয়েছে ২৯ হাজার ২৬২ জন।



গতবছর এই পরীক্ষায় পাস করেছিল ৬৮ দশমিক ৯১ শতাংশ শিক্ষার্থী। আর জিপিএ-৫ পেয়েছিল ৩৭ হাজার ৯৬৯ জন। সে হিসাবে এবার উচ্চ মাধ্যমিকে পাসের হার কমেছে ২ দশমিক ৭৯ শতাংশ। জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা কমেছে ৮ হাজার ৭০৭ জন। অবশ্য ২০১৬ সালে এই পরীক্ষায় পাস করেছিল ৭৪ দশমিক ৭০ শতাংশ। আর জিপিএ-৫ পেয়েছিল ৫৮ হাজার ২৭৬ জন।

দশটি শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছর অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার এ ফল গতকাল বৃহস্পতিবার সারাদেশে একযোগে প্রকাশ করা হয়। গ্রেডিং পদ্ধতিতে ফল প্রকাশের ১৮তম বছরে এবারও সব বিষয়ে সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হয়। দুপুর ১টায় শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ফলের বিস্তারিত তথ্য তুলে ধরেন। এর আগে সকাল ১০টায় গণভবনে দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এইচএসসি ও সমমানের পরীক্ষাসমূহের ফল হস্তান্তর করেন। এ সময় তার সঙ্গে ছিলেন শিক্ষাসচিব সোহরাব হোসাইনসহ শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যানরা। মূল্যায়ন পদ্ধতির পরিবর্তনের কারণে পাসের হার কমেছে বলে মনে করছেন শিক্ষামন্ত্রী।

দুপুরেই কলেজগুলোর পাশাপাশি ওয়েবসাইটে ফল প্রকাশ করা হয়। এছাড়া মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমেও শিক্ষার্থীরা পরীক্ষার ফল জানতে পারে। পরীক্ষার ফল প্রকাশের সঙ্গে সঙ্গে ভালো ফল অর্জন করা কলেজগুলোতে নেমে আসে আনন্দের বন্যা। অভিভাবক, শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা আবেগে আপ্নত হয়ে পড়েন। হৈ-হল্লোড় করে হাতে হাতে রেখে নেচে-গেয়ে আনন্দ ভাগাভাগি করে নেন শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকারা।

এবার এইচএসসি ও সমমানের পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ১২ লাখ ৮৮ হাজার ৭৫৭ জন। এরমধ্যে পাস করেছে ৮ লাখ ৫৮ হাজার ৮০১ জন। এর মধ্যে ৮টি সাধারণ শিক্ষাবোর্ডে অংশ নেয় ১০ লাখ ৭২ হাজার ২৮ জন। পাস করেছে ৬ লাখ ৯১ হাজার ৯৫৮ জন। পাসের হার ৬৪ দশমিক ৫৫ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ২৫ হাজার ৫৬২ জন। গতবারে চেয়ে জিপিএ-৫ কমেছে ৭ হাজার ৬৮০ জন। একই সঙ্গে মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), ডিপ্লোমা ইন কমার্স ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার ফলও প্রকাশিত হয়েছে।

### দশ শিক্ষা বোর্ডের চিত্র

**ঢাকা বোর্ড:** পাসের হার ৬৬ দশমিক ১৩ শতাংশ। এই বোর্ডে এবার পরীক্ষায় অংশ নিয়েছিল ৩ লাখ ৬৯ হাজার ৭৬০ জন। পাস করে ২ লাখ ৪৪ হাজার ৫১২ জন। এর মধ্যে ১ লাখ ১৮ হাজার ৩৯৯ জন ছাত্র এবং ১ লাখ ২৬ হাজার ১১৩ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ১২ হাজার ৯৩৮ জন।

**রাজশাহী বোর্ড:** পাসের হার ৬৬ দশমিক ৫১ শতাংশ। এই বোর্ড থেকে এবার ১ লাখ ৩৯ হাজার ৩৩০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস করে ৯২ হাজার ৬৭৪ জন। এর মধ্যে ৪৬ হাজার ৬০৮ জন ছাত্র এবং ৪৫ হাজার ৬৮৬ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ১৩৮ জন।

**কুমিল্লা বোর্ড:** পাসের হার ৬৫ দশমিক ৪২ শতাংশ। এই বোর্ডে এবার ১ লাখ ৩ হাজার ৬৬৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পাস করে ৬৭ হাজার ৮২০ জন। এর মধ্যে ৩০ হাজার ৩৬৮ জন ছাত্র এবং ৩৭ হাজার ৪৫২ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ৯৪৪ জন।

**যশোর বোর্ড:** পাসের হার ৬০ দশমিক ৪০ শতাংশ। এই বোর্ডে এবার ১ লাখ ৯ হাজার ৬৯২ জন পরীক্ষায় অংশ নেয়। ৬৬ হাজার ২৫৮ জন পাস করে। এর মধ্যে ৩১ হাজার ৬৫২ জন ছাত্র এবং ৩৪ হাজার ৬০৬ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৮৯ জন।

**চট্টগ্রাম বোর্ড :** পাসের হার ৬২ দশমিক ৭৩ শতাংশ। এই বোর্ডে পরীক্ষায় অংশ নেয়া ৯৬ হাজার ৮৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৬০ হাজার ৭৫৫ জন পাস করে। এর মধ্যে ২৮ হাজার ৩২৬ জন ছাত্র এবং ৩২ হাজার ৪২৯ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৬১৩ জন।



**বরিশাল বোর্ড:** পাসের হার ৭০ দশমিক ৫৫ শতাংশ। এই বোর্ডে এবার ৬২ হাজার ১৭৩ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস করে ৪৩ হাজার ৮৬১ জন। এর মধ্যে ২০ হাজার ৭৯১ জন ছাত্র এবং ২৩ হাজার ৭০ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ৬৭০ জন।

**সিলেট বোর্ড:** পাসের হার ৬২ দশমিক ১১ শতাংশ। এই বোর্ডে এবার ৭১ হাজার ৪২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পাস করে ৪৪ হাজার ১২৭ জন। উত্তীর্ণ পরীক্ষার্থীর মধ্যে ১৯ হাজার ১৮৬ জন ছাত্র এবং ২৪ হাজার ৯৪১ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ৮৩৭ জন।

**দিনাজপুর বোর্ড:** পাসের হার ৬০ দশমিক ২১ শতাংশ। এই বোর্ডে এবার ১ লাখ ১৯ হাজার ৫০৭ পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পাস করে ৭১ হাজার ৯৫১ জন। উত্তীর্ণ পরীক্ষার্থীর মধ্যে ৩৪ হাজার ৮৮৪ জন ছাত্র এবং ৩৭ হাজার ৬৭ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ২৯৭ জন।

**মান্দাসা বোর্ড:** পাসের হার ৭৮ দশমিক ৬৭ শতাংশ। এ বোর্ডের অধীনে এবার ৯৭ হাজার ৭৯৩ পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পাস করে ৭৬ হাজার ৯৩২ জন। উত্তীর্ণ পরীক্ষার্থীর মধ্যে ৪২ হাজার ৯০৭ জন ছাত্র এবং ৩৪ হাজার ২৫৩ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ২৪৪ জন।

**কারিগরি শিক্ষা বোর্ড:** পাসের হার ৭৫ দশমিক ৫০ শতাংশ। এ বোর্ডের অধীনে এবার ১ লাখ ১৮ হাজার ৯৭ হাজার পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পাস করে ৮৯ হাজার ৮৯ জন। উত্তীর্ণ পরীক্ষার্থীর মধ্যে ৬০ হাজার ৯২৩ জন ছাত্র এবং ২৮ হাজার ১৬৬ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৪৫৬ জন।

**ভারপ্রাণ সম্পাদক:** তাসমিমা হোসেন।

ইলেক্ট্রনিক প্রিণ্টিং এবং প্রিসেশন লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস,  
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত

